

১১
কার্যবিবরণী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা।
(তথ্য ও অভিযোগ শাখা)
www.netrokona.gov.bd



বিষয় : মে/২৩ মাসের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : অঞ্জনা খান মজলিশ, জেলা প্রশাসক, নেত্রকোণা।
সভার স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
তারিখ : ১৫ মে ২০২৩খ্রি.
সময় : সকাল ৩.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যগণকেস্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনোসংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	জাতীয় শুদ্ধাচার কৌশলের মূল বিষয় হচ্ছে চারিত্রিক শুদ্ধতা। মানুষের চরিত্র ভাল না হলে শুদ্ধাচার প্রতিষ্ঠা করা সম্ভব নয়। এ জেলার বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এখনো জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কে অবহিত নয়। এ জেলার মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার কৌশল বিষয়ে অবহিতকরণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারগণকে যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।	মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার কৌশল বিষয়ে অবহিতকরণের লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২. স্ব-স্ব প্রতিষ্ঠানসমূহ
০২.	কর্মকর্তা- কর্মচারীদের অংশগ্রহণে অভ্যন্তরীণ আচার আচরণ এবং আইন-কানুন ও শুদ্ধাচার প্রশিক্ষণ নিয়মিত আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	কর্মকর্তা-কর্মচারীদেরসম্মুখে নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	প্রশাসনিক কর্মকর্তা সংস্থাপন শাখা
০৩	শিক্ষা প্রতিষ্ঠানে শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখতে হবে। এ লক্ষ্যে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন এবং পরিদর্শনকালে ছাত্র/ছাত্রীদের সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়নের উদ্দেশ্যে বর্ণনাসহ শুদ্ধাচার চর্চায় উৎসাহিত করতে হবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়।	শিক্ষা প্রতিষ্ঠানে শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখার লক্ষ্যে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করতে হবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)
০৪.	ওয়েব-সাইট আপলোড করণ	এ জেলার সকল দপ্তরের স্ব স্ব ওয়েব সাইটে তথ্য আপলোড করতে হবে	স্ব - স্ব দপ্তর

জেলার সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত অনুশাসন মেনে চলা এবং নৈতিকতা সদস্যদের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

(অঞ্জনা খান মজলিশ)

জেলা প্রশাসক


নেত্রকোণা।

ফোনঃ০৯৫১-৬১৫১১

E- mail:dcnetrokona@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. সচিব, তথ্য কমিশন, ঢাকা।
৪. সিভিল সার্জন, নেত্রকোণা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নেত্রকোণা।
৬., নেত্রকোণা।
৭. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নেত্রকোণা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)


জেলা প্রশাসক
নেত্রকোণা।

পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যবৃন্দ:

১. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।
২. অধ্যক্ষ, চন্দ্রনাথ কলেজ, নেত্রকোণা।
৩. জেলাশিক্ষা অফিসার, নেত্রকোণা।
৪. জেলাপ্রাথমিকশিক্ষা অফিসার, নেত্রকোণা।
৫. উপপরিচালক, জেলা তথ্য অফিস, নেত্রকোণা।
৬. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নেত্রকোণা।
৭. নির্বাহী পরিচালক, স্বাবলম্বী উন্নয়ন সমিতি, নেত্রকোণা।